

৬ষ্ঠ অধ্যায়(ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম)(মডেল-০৮)

১.জনাব আব্দুল মোমেন একটি কোম্পানির মহাব্যবস্থাপক। তিনি ডিপার্টমেন্টের Employee-দের তালিকা Name ফিল্ডের উপর উর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে দেখতে চাইলেন। আইটি বিভাগের একজন কর্মকর্তা তাৎক্ষণিক কাজটি করে মহাব্যবস্থাপকের সামনে উপস্থাপন করলেন।

ক. Tag কি?

খ. ডাটা এবং তথ্যের এর মধ্যে দুটি পার্থক্য লিখ।

গ. আইটি বিভাগের কর্মকর্তা কাজটি কিভাবে করলেন-ব্যাখ্যা কর।

ঘ. ডেটাবেজে উক্ত কাজটির গুরুত্ব উদাহরণসহ মূল্যায়ন কর।

২. নিচের সারণী গুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

Table No-01

Roll	Name
101	Israt Jahan
102	Pulok Das
103	Toma Rai
104	Joya nath
105	Shirin afrose

Table No-02

ID Card No.	Book Name
001	Physics
002	Bangla
003	Math
004	Ict
005	Biology

ক.ফরেন কী কাকে বলে ?

খ.করপোরেট ডাটাবেজ বলতে কি বুঝ ?

গ.উদ্দীপকের ১নং টেবিলের ফিল্ড দুটির মাঝখানে Group নামে একটি ফিল্ড সংযোজন করতে হলে কি করতে হবে বর্ণনা কর।

ঘ. উদ্দীপকের টেবিল দুটির মধ্যে রিলেশন করতে হলে তৃতীয় একটা টেবিলের প্রয়োজন কেন হয় ব্যাখ্যা কর।

৩. নিচের সারণী গুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

Info table				Result table			
Roll	Name	Fees	Dob	Roll	Group	Gpa	Remarks
101	A	5000.00	12/12/90	101	arts	4.00	Pass
102	A	5000.00	12/12/90	102	arts	5.00	Pass
103	B	5000.00	12/11/90	103	arts	3.50	pass

ক.রেকর্ড কী ?

খ.করপোরেট ডাটাবেজ বলতে কি বুঝ ?

গ.উদ্দীপকের ১ম টেবিলের ১নং এবং ২নং কলামের মাঝখানে Group নামে একটি কলাম সংযোজন করার প্রক্রিয়া বর্ণনা কর।

ঘ. উদ্দীপকের টেবিল দুটির মধ্যে কোন ধরনের রিলেশন তৈরি করা সম্ভব ? তোমার মতামত বিশ্লেষণ কর।

৪. নিচের সারণী গুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

Info table					Result table			
Roll	Name	Pic	Fees	Dob	Reg.	Group	Gpa	Remarks
101	A		5000.00	12/12/90	101	arts	4.00	Pass
102	A		5000.00	12/12/90	102	arts	5.00	Pass
103	B		5000.00	12/11/90	103	arts	3.50	pass

ক. ফিল্ড কী ?

খ. ফরেন কী উদাহরণসহ ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের ১ম টেবিলের ডাটা টাইপ ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের টেবিল দুটির মধ্যে প্রয়োজনীয় কলাম যুক্ত করে রিলেশন তৈরি করা সম্ভব? যুক্তিসহ বিশ্লেষণ কর।

৫. নিচের সারণী গুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

teachers table				course table	
t.id	t.Name	phone	address	c.id	c.title
101	A	2222	Feni	0001	Physics
102	A	3333	Dhaka	0002	Bangla
103	B	4444	Borishal	0003	ICT
104	C	5555	Cumilla	0004	Math

ক. ডিবিএমএস কী ?

খ. ফিল্ড এবং রেকর্ড এক নয়-ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের ১ম টেবিলটি তৈরির প্রক্রিয়া বর্ণনা কর।

ঘ. উদ্দীপকের টেবিল দুটির মধ্যে রিলেশন তৈরি করতে হলে তৃতীয় একটা টেবিলের প্রয়োজন-বিশ্লেষণ কর।

৬. মোঃ আরিফুল ইসলাম স্যার ক্লাসে DBMS পড়াতে গিয়ে বললেন DBMS-এ কার্যক্রম পরিচালিত হয় দুটি ভাগে। ফ্রন্টএন্ডে প্রিভিলেজ অনুযায়ী (১) ডেটা ম্যানুপুলেশন ও (২) তথ্য প্রতিবেদন আকারে উপস্থাপন এর কাজ করা হয় এবং ব্যাকএন্ড-এ দায়িত্বে থাকেন একজন দক্ষ লোক ডেটাবেজের ডেটা ডেফিনেশন ও ডেটা কন্ট্রোলার কাজ করে।

ক. ডেটা কনফারেন্সিং কী?

খ. কুয়েরিতে ইনডেক্সিং এর ভূমিকা অত্যধিক কিন্তু সার্টিং এক্ষেত্রে কোনো ভূমিকা পালন করে না-বুঝিয়ে লেখ।

গ. ফ্রন্টএন্ডের ২য় কাজটিতে ইনডেক্সিং এর ভূমিকা আলোচনা কর।

ঘ. উদ্দীপকের ফ্রন্টএন্ডে যে দুটি কার্যক্রমের কথা বলা হয়েছে তাদের মধ্যে তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ কর।